ISO 9001 : 2015

# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
## (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)

স্থাপিত-১৯৮৪

নং: ৪৯.০২.০০০০.০০৪.৩৮.০০১.২১/৮৯৭ তারিখ: ১৯.০৯.২০২২ খ্রি.

**বিষয়: বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগে সহযোগিতা প্রদান।**

প্রিয় সহকর্মী

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) সরকারের একমাত্র জনশক্তি প্রেরণকারী প্রতিষ্ঠান। বোয়েসেল সুনামের সাথে বিশ্বের বিভিন্ন দেশে স্বল্প ব্যয়ে এবং ক্ষেত্র বিশেষে বিনা খরচে কর্মী প্রেরণ করে থাকে। আপনি জেনে আনন্দিত হবেন ইতিমধ্যে বোয়েসেল-এর তত্ত্বাবধানে ২৬৭ জন নার্স কুয়েতস্থ সিটি গ্রুপ জেনারেল ট্রেডিং কোম্পানি এবং এ্যাডভান্সড টেকনলজি কোম্পানিতে যোগদান করেছেন। উক্ত কোম্পানিতে আরো দক্ষ নার্স নিয়োগের লক্ষে বোয়েসেল-এর ওয়েবসাইটে একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। আগ্রহী প্রার্থীগণ https://forms.gle/nf7HQEU62Gjmdnhg6 লিংকের মাধ্যমে আগামী ০৪ অক্টোবর, ২০২২খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন।

২। উল্লেখ্য, কুয়েতে নিয়োগপ্রাপ্ত নার্সের মাসিক বেতন ডিপ্লোমাধারী নার্সদের ৮০,০০০/- থেকে ৯০,০০০/- টাকা এবং বিএসসিধারী নার্সদের ৯০,০০০/- থেকে ১,০০,০০০/- টাকা হয়ে থাকে। থাকা, খাওয়া এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা কোম্পানি করে থাকে। চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত নার্সদের ভিসা, টিকেট এবং চুক্তি শেষে দেশে আসার বিমানের টিকেটও কোম্পানি বহন করে থাকে।

৩। কুয়েতে নার্স নিয়োগের বিষয়টি বহুল প্রচারের জন্য বোয়েসেল কর্তৃক বিভিন্ন পত্র-পত্রিকায় বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। বিজ্ঞপ্তির একটি কপি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো। উপজেলা পর্যায়ে আপনার নিয়ন্ত্রণাধীন অফিস এবং জনপ্রতিনিধিবৃন্দসহ মাসিক সমন্বয় সভা ও অন্যান্য সভায় নার্স নিয়োগের বিষয়টি অবহিত করা হলে এ পেশায় নিয়োজিত নার্সগণ আবেদনের সুযোগ পাবেন।

৪। এমতাবস্থায়, আপনার উপজেলায় দক্ষ নার্স হিসেবে অভিবাসন প্রত্যাশীগণ বোয়েসেল-এর মাধ্যমে নৈতিক, নিরাপদ ও স্বল্প খরচে বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাবেন। এ ক্ষেত্রে আপনার সার্বিক সহযোগীতা কামনা করছি।

১৯/০৯/২০২২

ড. মল্লিক আনোয়ার হোসেন
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
বোয়েসেল, ঢাকা

উপজেলা নির্বাহী অফিসার, সকল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য),
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. মহাপরিচালকের একান্ত সচিব, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. পিএ টু ইডি (ইডি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

ISO 9001 : 2015

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪

# জরুরি ভিত্তিতে বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগ

৪৯.০২.০০০০.০০৪.৫০.০০১.২১/৮৫৮ তারিখ: ০৭.০৯.২০২২ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতের বিভিন্ন সরকারি হাসপাতালে City Group General Trading Co, Kuwait - এর ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত পদে পুরুষ/মহিলা নার্স নিয়োগ করা হবে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | | অভিজ্ঞতা | বয়স | বেতন ও অন্যান্য সুবিধাদি | | ওভারটাইম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বিএসসি নার্স/ ডিপ্লোমা নার্স | পুরুষ | ৫০ জন | কমপক্ষে ২ বছর ৬ মাস | জন্মসাল সর্বোচ্চ ১৯৮৩ | ৮০,০০০/- থেকে ৯০,০০০/- | বাৎসরিক ইনক্রিমেন্ট ১০ কুয়েতি দিনার। | কুয়েতের শ্রম আইন অনুযায়ী | চাকুরির চুক্তি ০৩ (তিন) বৎসর নবায়নযোগ্য |
| | | মহিলা | ১৫০ জন | | | | | | |

<u>চাকুরির শর্তাবলি:</u>

(১) প্রার্থীকে অবশ্যই সরকার স্বীকৃত কোনো নার্সিং ইনস্টিটিউট হতে বিএসসি অথবা ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে

(২) যেকোনো সরকারি, আধা-সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/হাসপাতাল/প্রতিষ্ঠানে নার্স হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(৩) অবশ্যই ২ বছর ৬ মাস মেয়াদসহ পাসপোর্ট থাকতে হবে।

(৪) চাকুরিতে যোগদানের পর শিক্ষানবিসকাল ০৩ (তিন) মাস।

(৫) দৈনিক ০৮ (আট) ঘণ্টা হিসাবে সপ্তাহে ৬ (ছয়) দিন ডিউটি এবং বাৎসরিক ছুটি ৩০ (ত্রিশ) দিন।

(৬) নার্স হিসেবে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৭) সরকারি নার্স হিসেবে কর্মরত প্রার্থীদের লিয়েন ছুটি প্রাপ্তির যোগ্যতা অর্জিত হলেই আবেদন করতে পারবেন এবং চূড়ান্ত নির্বাচনের পরে লিয়েন ছুটি প্রার্থীকে নিজেই ব্যবস্থা করতে হবে।

(৮) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ডাটা-চেক নিশ্চিত করতে হবে।

(৯) প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা, খাওয়া এবং কর্মস্থলে যাতায়াতের পরিবহনের ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে।

(১০) চাকুরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন (০৩) বছর সন্তোষজনক চাকুরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকারী কোম্পানি বহন করবে।

(১১) কুয়েতের শ্রম আইন অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে।

<u>অন্যান্য তথ্যাবলী:</u>

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ এবং বিধি মোতাবেক অন্যান্য সরকারি ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, মার্কশিট, ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য তথ্যাদি পূরণপূর্বক বোয়েসেল হতে প্রদত্ত লিংকে আগামী ০৪.১০.২০২২ খ্রি. এর মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। লিখিত ও মৌখিক পরীক্ষা প্রদানের সময় প্রার্থীদের কোনো প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।

লিংক:- https://forms.gle/z6ha6bzCt1NwppPe6

৭-৯-২২
বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকানা:
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগের নম্বর
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd